গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

# জননিরাপত্তা বিভাগের আগস্ট/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২২ আগস্ট, ২০২১ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভাপতি বলেন যে, বৈশ্বিক কোভিড-১৯ এর ফলে সামগ্রিক জনজীবনে ব্যাপক প্রভাব পড়েছে। বর্তমান সরকারের দুরদর্শী প্রচেষ্টার ফলে বাংলাদেশে করোনা প্রকোপ অনেকটাই নিয়ন্ত্রন করা সম্ভব হয়েছে। করোনা মহামারিতে আমাদের অনেক নিকটজন ও আত্নীয়স্বজন মৃত্যুবরণ করেছেন। তাই করোনা ভাইরাস হতে রক্ষা পেতে নিজ নিজ বলয় ও পরিবারের সকলের প্রতি দৃষ্টি রাখতে হবে। তিনি আরো বলেন কিছু সামাজিক ও স্বাভাবিক অপরাধ সংগঠন ব্যতিত দেশের সার্বিক আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রয়েছে। জননিরাপত্তা বিভাগের মূল কাজ হলো দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা। এ দায়িত্ব পালনে বিভাগের প্রতিটি কর্মকর্তা/কর্মচারী আন্তরিকভাবে কাজ করে যাচ্ছেন। তবে জননিরাপত্তা বিভাগের কাজের গুরুত্ব বিবেচনায় পদায়নকৃত কর্মকর্তাদের এ বিভাগে অন্ততঃ দুই বছর কাজ করার মন-মানসিকতা থাকতে হবে। এ বিষয়ে সকল কর্মকর্তা একমত প্রকাশ করে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভাপতি সভায় আরো অবহিত করেন, এক সময় স্বরাস্ট্র মন্ত্রনালয়ের যে পরিমান বাজেট বরাদ্দ ছিল, সে অনুপাতে বর্তমানে জননিরাপত্তা বিভাগের বাজেট প্রায় ৭/৮ গুণ বৃদ্ধি করা হয়েছে। উক্ত বরাদ্দের উল্লেখযোগ্য পরিমান জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের কেনাকাটা খাতে ব্যয় করা হয়। এ সকল কেনাকাটায় পিপিআর ২০০৮ এর বিধিমালা সঠিকভাবে প্রতিপালন ও জবাবদিহিতা নিশ্চিত করতে তিনি প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব নিয়ে কাজ করার পরামর্শ দেন। এছাড়াও উন্নয়ন শাখায় অপেক্ষমান প্রকল্পসমূহ দ্রুত প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করেন এবং যে প্রকল্পসমূহ আইনানুগভাবে বাস্তবায়ন করা সম্ভব নয় তা সংশ্লিস্ট অধিদপ্তরকে জানিয়ে দেয়ার পরামর্শ প্রদান করেন। অধিদপ্তর/সংস্থাসমূহের সকল পেন্ডিং প্রস্তাব দ্রুততার সাথে সম্পাদন এবং বিভাগীয় মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভাপতি সকলকে শৃঙ্খলা বজায় রেখে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন এবং যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে ফিডব্যাক দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

২। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক. | অধিদপ্তর/সংস্থাসমূহের পেন্ডিং গুরুত্বপূর্ণ চিঠিপত্র চিহ্নিত করে নিষ্পত্তি করতে হবে এবং নিয়মিত শাখা পরিদর্শন করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| খ. | অপেক্ষামান প্রকল্পসমূহ দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে এবং যে প্রকল্পসমূহ প্রচলিত বিধানে বাস্তবায়ন করা সম্ভব নয় তা সংশ্লিস্ট অধিদপ্তরকে জানিয়ে দিতে হবে। | উন্নয়ন অনুবিভাগ |
| গ. | জননিরাপত্তা বিভাগসহ এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সকল প্রকার কেনাকাটায় আর্থিক বিষয়ে পিপিআর ২০০৮ এর বিধিমালা সঠিকভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিধি-বিধান পর্যালোচনা করে আন্তরিকভাবে কাজ করতে হবে। | অনুবিভাগ (সকল) |

| | | |
|---|---|---|
| ঘ. | অধিদপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলাসমূহ দ্রুততার সাথে নিস্পত্তি করতে হবে। | আইন-শৃঙ্খলা অনুবিভাগ |
| ঙ. | অর্পিত দায়িত্ব পালন/কার্য সম্পাদনের পর উর্দ্ধতন কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত (Feed back) করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| চ. | জননিরাপত্তা বিভাগের কাজের গুরুত্ব বিবেচনায় পদায়নকৃত কর্মকর্তাদের অন্ততপক্ষে দুই বছর এ বিভাগে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | অনুবিভাগ (প্রশাসন) |
| ছ. | মাসিক সমন্বয় সভার ০৭ দিন পূর্বে পেন্ডিং সংক্রান্ত বিষয়ে অনুবিভাগ প্রধানগণ আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা করে অগ্রগতি/নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন। | অনুবিভাগ (সকল) |
| জ. | এ বিভাগের জনবল কাঠামো বাস্তবতার নিরিখে সংশোধন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব আকারে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অনুবিভাগ (সকল) |

৩। পরিশেষে সভাপতি সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৯/০৮/২০২১
**(মোস্তাফা কামাল উদ্দীন)**
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নং-৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২০.২১৩ তারিখ-২৯/০৮/২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব ..................................................(সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব ........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপ-প্রধান (পরিকল্পনা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিঃ সহকারী সচিব/সিনিঃ সহকারী প্রধান.....................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব........................ (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

২৯/৮/২০২১
আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

অনুলিপি ঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।